গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরসংখ্যান ব্যুরোর Innovation Team এর সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: নূরুল আলম
যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ : ০৮-০৭-২০১৯ খ্রি:
সময় : বিকাল ৩.০০ টা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমে গত অর্থ বছরের (২০১৮-১৯) বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আলোচনা ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণের লক্ষে প্রতেবেদন চূড়ান্ত করণের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং পরবর্তীতে চলতি অর্থ বছরের পরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে একটি ক্যালেন্ডার প্রণয়ন ও বাজেট উপস্থপনের জন্য অনুরোধ করেন।

০২। এ পর্যায়ে প্রোগ্রামার জনাব মুঃ ওয়াহিদ মুরাদ এ বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্জিত সাফল্য তুলে ধরেন। বাস্তব কারণে কয়েকটি বিষয়ে অর্জন না থাকলেও সার্বিকভাবে অর্জনের হার মোটামুটি সন্তোষজনক বলে সকলে মত প্রকাশ করেন। পর্যালোচনা শেষে প্রতিবেদন চূড়ান্ত করা হয় এবং সচিব মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে আগামী ২০-০৭-২০১৯ তারিখের মধ্যে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

০৩। সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৮৩৩.৩৩.০০৩.১৯.১১৫ নং স্মারকের প্রেক্ষিতে ইতোমধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ প্রস্তুত করা হয়েছে এবং সচিব মহোদয়ের অনুমোদনক্রমে গত ০৩-০৭-১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি সভায় সকলের অবগতির লক্ষ্যে কর্মপরিকল্পনাটি উপস্থাপন করেন।

৪। সভাপতি এ বছর গৃহীত কর্মপরিকল্পনা যাতে যথাযথভাবে শতভাগ বাস্তবায়িত হয় সে লক্ষ্যে সবার সহযোগিতা কামনা করেন। এ পর্যায়ে তিনি গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলামকে একটি ক্যালেন্ডার প্রণয়ন ও বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে একটি বাজেট উপস্থাপনেরে অনুরোধ করনে।

৫। সিস্টেম এনালিষ্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম উদ্ভাবনী উদ্যোগের সার্বিক কর্মপরিকল্পনার একটি খসড়া ক্যালেন্ডার প্রস্তুত করেছেন বলে সভাকে অবহিত করেন। তিনি প্রতিটি কর্মসূচি বাস্তবায়নের জন্য ব্রেকআপ অনুযায়ী সম্ভাব্য ১৩,৬৯৩,২০০/- টাকার বাজেটসহ উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্যালেন্ডারটি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে সকলে একমত পোষন করেন।

৬। পরিচালক, এসএসটিআই ড. মো: শাহাদাৎ হোসেন (যুগ্মসচিব), ইনোভেশন অফিসার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বলেন তারা ইতোমধ্যেই উদ্ভাবন বার্ষিক পরিকল্পনা ২০১৯-২০ মহাপরিচালকের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থপনা বিভাগে প্রেরণ করেছেন। গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন খাতে ১৫,৬০০,০০০/- বাজেট বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করেছেন।

৭। পরিশেষে সভাপতি জানান যে, ইনোভেশন সংক্রান্ত অধিকাংশ কাজ আইসিটি শাখা থেকে সম্পাদন হয়ে আসছে। গত অর্থ বছরের উদ্ভাবনী সম্পর্কিত কাজ তথ্য ব্যবস্থাপনা-১ শাখা থেকে বাস্তবায়ন করতে গিয়ে অনেক ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে হয়েছে। এ বছরেও ইনোভেশন সংক্রান্ত যাবতীয় কাজ আইসিটি শাখার মধ্যেমে করতে হচ্ছে সুতারং এ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন ও উদ্ভাবনী কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উদ্ভাবন সংক্রান্ত কার্যাবলী আইসিটি-১ শাখায় স্থানান্তর হওয়া প্রয়োজন। তাছাড়া উপসচিব জনাব মো: দিলদার হোসেনকে ইনোভেশন টিমের সদস্য করা হলে টিমের কাজে গতিশীলতা আরো বৃদ্ধি পেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

<u>বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নক্তো সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>

০১। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর মূল্যায়ন প্রতিবেদন সচিব মহোদয়ের অনুমোদক্রমে ২০-০৭-১৯ তারিখের মধ্যে প্রেরণ করা হবে।

০২। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়নের জন্য প্রণীত ক্যালেন্ডার অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন খাত হতে ১৩,৬৯৩,২০০/- টাকা বরাদ্দ চেয়ে বাজেট শাখায় পত্র দেয়া হবে।

০৪। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন টিম তাদের কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি ক্যালেন্ডার প্রণয়ন করবেন।

০৫। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন টিম তাদের কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ইনোভেশন খাত হতে বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

০৬। ইনোভেশন কাজে গতিশীলতা আনয়ন ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে উদ্ভাবন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী তথ্য ব্যবস্থাপনা শাখা-০১ থেতে আইসিটি-১ শাখায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। ইনোভেশন কাজে সহায়তার জন্য জনাব মো: দিলদার হোসেন, উপসচিবকে এই বিভাগে ইনোভেশন টিমের সদস্য হিসেবে কো-অপট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অবশেষে আর কোন আলোচনা না থাকায় বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ যথাযথভাবে বাস্তবায়নে সকলের সহোযোগিতা কামনা করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**স্বাক্ষরিত**
১৫/০৭/২০১৯
(মো: নূরুল আলম)
যুগ্মসচিব
তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০১৮.২৫.০০৫.১৮-৭৩

তারিখ: ১৮-০৭-২০১৯ খ্রি.

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৩। ড. মো: শাহাদৎ হোসেন, যুগ্মসচিব ও ইনোভেশন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
০৪। উপসচিব (প্রশাসন-১/উন্নয়ন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫। উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৬। উপসচিব (অডিট ও সমন্বয় অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৭। জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৮। জনাব যতন কুমার সাহা, সিস্টেম এনালিষ্ট, বিবিএস, ঢাকা।
০৯। উপসচিব ও সদস্য সচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১০। জনাব মো: আমিরুল ইসলাম. উপপরিচালক, এমআইএস, বিবিএস, ঢাকা।
১১। জনাব প্রলয় কুমার গোস্বামী, সহকারী মে. ইঞ্জিনিয়ার, বিবিএস, ঢাকা।
১২। জনাব মো: সাদ্দাম হোসেন খাঁন, উপপরিচালক, এমআইএস, ঢাকা।
১৩। সচিব এর একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৪। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৫। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

১৮/০৭/১৯

(কালাচাঁদ সরকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫০০৭৩৮৪